

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(জেলা ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.pirojpur.gov.bd

নম্বর: ৫১.০১.৭৯০০.০১৯.৪১.০১৮.২৪-৬৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩১
২৯ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: চলতি ২০২৪-২৫ অর্থবছরে ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণে বিরত পিরোজপুর জেলার ১৭,৭০০ টি জেলে পরিবারকে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) উপ-বরাদ্দ প্রদান প্রসঙ্গে

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য-২ অধিশাখা এর ২৬-০৯-২০২৪ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.২০.০১২.২৩-২৫২ নম্বর স্মারক
২। জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পিরোজপুর এর ২৬-০৯-২০২৪ তারিখের ৩৩.০২.৭৯০০.৪০০.৮২.০০১.১৫-২৩৯ নম্বর স্মারক


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে ভিজিএফ কর্মসূচির আওতায় চলতি ২০২৪-২৫ অর্থ বছরে ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ২২ দিন ইলিশ আহরণে বিরত থাকা জেলেদের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় পিরোজপুর জেলার ০৭ টি উপজেলার মোট ১৭,৭০০ টি জেলে পরিবারের জন্য পরিবার প্রতি ২৫ (পঁচিশ) কেজি হারে মোট ৪৪২.৫০০ মে. টন ভিজিএফ (চাল) নিম্নের ছকে বর্ণিত বিভাজন ও শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো:

ক্র: নং	উপজেলার নাম	মোট নিবন্ধিত জেলে (জন)	জেলে পরিবারের সংখ্যা	বরাদ্দকৃত ভিজিএফ (চাল) এর পরিমাণ	মন্তব্য
০১	পিরোজপুর সদর	৩৪৩৫	২২০০	৫৫.০০০ মে. টন	
০২	নাজিরপুর	৫১৫০	২২৫০	৫৬.২৫০ মে. টন	
০৩	ইন্দুরকানী	৩৩৯৭	১৭০০	৪২.৫০০ মে. টন	
০৪	কাউখালী	২১১৫	১৫৫০	৩৮.৭৫০ মে. টন	
০৫	ভান্ডারিয়া	৪৫২১	২৮৫০	৭১.২৫০ মে. টন	
০৬	নেছারাবাদ	২৯৮৯	২৩০০	৫৭.৫০০ মে. টন	
০৭	মঠবাড়িয়া	৯১৩৯	৪৮৫০	১২১.২৫০ মে. টন	
	মোট=	৩০৭৪৬	১৭৭০০	৪৪২.৫০০ মে. টন	

শর্তাবলী :

- উপজেলা নির্বাহী অফিসারগণ মঞ্জুরীকৃত ভিজিএফ (চাল) ইলিশ আহরণে বিরত থাকা নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনসরণপূর্বক যথানিয়মে ১২/১০/২৪ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ/বন্টন সম্পন্ন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ উপ-বরাদ্দ প্রাপ্তির ০২ (দুই) কর্মদিবসের মধ্যে ডিও (ছাড়পত্র) প্রদান করবেন এবং বিতরণসূচী তৈরি করে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন।
- ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রম শেষে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খাদ্যশস্যের Book Adjustment করার নিমিত্ত বরাদ্দের বিপরীতে প্রকৃত বিতরণকৃত ভিজিএফ-এর বিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করবেন।
- ভিজিএফ (চাল) বিতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর প্রতিনিধি এবং ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করবেন। উল্লেখ্য, নিবন্ধিত/কার্ডধারী জেলে ব্যতিত অন্য কাওকে ভিজিএফ প্রদান করা যাবে না।
- চলতি ২০২৪-২৫ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং-১২০০০১৯০৩-৩৭২২১০১ ভিজিএফ কার্যক্রম খাত হতে ব্যয় নির্বাহ হবে।

উপজেলা নির্বাহী অফিসার
পিরোজপুর সদর/নাজিরপুর/ইন্দুরকানী/কাউখালী/
ভান্ডারিয়া/নেছারাবাদ/মঠবাড়িয়া, পিরোজপুর


২২.০৯.২০২৪

ফারহান ফাইজাজ
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
ও

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ:দা:)
জেলা প্রশাসক, পিরোজপুর এর পক্ষে
ফোন-০২৪৭-৮৮৯০৪২৬

ইমেইল: drropirojpur@ddm.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ৩। উপসচিব, মৎস্য-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা, পিরোজপুর
- ৬। সহকারী কমিশনার, জেলা প্রশাসকের গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর (জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পিরোজপুর
- ৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর
- ৯। জেলা আইসিটি অফিসার, পিরোজপুর (উপ-বরাদ্দপত্রটি জেলা ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)
- ১০। উপজেলা মৎস্য কর্মকর্তা, পিরোজপুর সদর/নাজিরপুর/ইন্দুরকানী/কাউখালী/ভান্ডারিয়া/নেছারাবাদ/মঠবাড়িয়া, পিরোজপুর
- ১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর সদর/নাজিরপুর/ইন্দুরকানী/কাউখালী/ভান্ডারিয়া/নেছারাবাদ/মঠবাড়িয়া, পিরোজপুর
- ১২। অফিস কপি

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ:দা:)
পিরোজপুর